

## বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া


সূত্র নং-২৮.১০.১২১৩.৮৭৩.২২.০০০.২৩/ ৯৮

তারিখঃ ০৫/০৪/২০২৩

### আইন উপদেষ্টা নিয়োগ এবং প্যানেল আইনজীবী তালিকাভুক্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর বিভিন্ন বিষয়ে আইনগত পরামর্শ/মতামত প্রদানসহ অত্র কোম্পানির পক্ষে ঢাকা, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া এবং দেশের অন্যান্য স্থানে (প্রয়োজন বোধে) উচ্চ, নিম্ন এবং শ্রম আদালতে মামলা পরিচালনার জন্য কয়েকজন প্যানেল আইনজীবী তালিকাভুক্তি এবং ব্রাহ্মণবাড়িয়া এলাকায় একজন আইন উপদেষ্টা নিয়োগ করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী আইনজীবীগণের নিকট হতে নিম্নস্ব প্যাডে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

১.	আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
২.	প্রার্থীদের বয়স ০৮.০৫.২০২৩ তারিখে ৬০ (ষাট) বছরের অধিক হবে না। অবসরপ্রাপ্ত জেলা জজ/অতিঃজেলা জজ যারা আইন ব্যবসায় কর্মরত আছেন তাদের ক্ষেত্রে বয়সসীমা ৬৫(পঁয়ষট্টি) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
৩.	আবেদনকারীকে অবশ্যই এলএলবি ডিগ্রিধারীসহ ওকালতির সনদধারী হতে হবে।
৪.	আবেদনকারীকে অবশ্যই দেশে প্রচলিত আইন যেমন-কোম্পানি আইন, শ্রম আইন, সার্ভিস রুলস, শেয়ার ও সিকিউরিটিজ এবং পাবলিক সেক্টর/স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন-এর বিধি বিধান ও প্রভৃতি বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
৫.	আবেদনকারীকে এককভাবে মামলা পরিচালনা ও মতামত প্রদানের ক্ষেত্রে ন্যূনতম ১০(দশ) বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। বার-এট-ল/এলএলএম ডিগ্রিসহ উচ্চ আদালতে মামলা পরিচালনায় অভিজ্ঞ আইনজীবীদের অগ্রাধিকার দেয়া হবে।
৬.	ঢাকায় তালিকাভুক্তির ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে ৫(পাঁচ) বছরসহ ন্যূনতম ১০ (দশ) বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। চট্টগ্রামস্থ শ্রম ও অন্যান্য আদালতের জন্য চট্টগ্রামে বসবাসকারী আইনজীবীকে এবং ঢাকাস্থ শ্রম, নিম্ন ও উচ্চ আদালতের জন্য ঢাকায় বসবাসকারী আইনজীবীকে অগ্রাধিকার দেয়া হবে। আইন উপদেষ্টা পদে ব্রাহ্মণবাড়িয়ায় বসবাসকারী আইনজীবীকে অগ্রাধিকার দেয়া হবে।
৭.	অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা বা প্যানেল আইনজীবী হিসেবে নিযুক্ত থাকলে প্রতিষ্ঠানের ঠিকানাসহ কার্যকালের বিস্তারিত বিবরণ উল্লেখ করে তালিকা প্রদান করতে হবে যা অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা হবে।
৮.	আইন উপদেষ্টা সরকার কর্তৃক নির্ধারিত হারে মাসিক সম্মানি পাবেন এবং কোম্পানির পক্ষে কোনো মামলা পরিচালনা করলে কোম্পানির অনুমোদিত পেমেন্ট সিডিউল অনুসারে ফি পাবেন। প্যানেল আইনজীবীগণ কোম্পানি কর্তৃক প্রদেয় আইন বিষয়ক পরামর্শ/কাজের জন্য/মামলা পরিচালনার জন্য কোম্পানির অনুমোদিত সিডিউল অনুসারে ফি পাবেন। ফি পরিশোধ সংবলিত সিডিউল পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর কোম্পানি সচিবালয়, প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া এবং লিয়াঙ্গৌ অফিস, পেট্রোসেটার (১৫ তলা), ৩ কাওরান বাজার, ঢাকা হতে সংগ্রহ করা যাবে।
৯.	ব্যবস্থাপনা পরিচালক বরাবর লিখিত ও স্বাক্ষরিত আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম/স্বামীর নাম, বয়স (০৮.০৫.২০২৩ তারিখে), স্থায়ী, বর্তমান ও চেম্বরের ঠিকানাসহ টেলিফোন/মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৮.০৫.২০২৩ তারিখ রোজ সোমবার বিকাল ০৪:৩০ ঘটিকা পর্যন্ত মধ্যে অফিস চলাকালীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড, প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া অথবা লিয়াঙ্গৌ অফিস, পেট্রোসেটার (১৫ তলা), ৩ কাওরান বাজার, ঢাকা এর বরাবরে ডাকযোগে/সরাসরি/কুরিয়ারে পৌঁছাতে হবে। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। তবে, অনিবার্য কারণবশতঃ নির্ধারিত দিন ও সময়ে আবেদনপত্র গ্রহণ করা সম্ভব না হলে পরবর্তী কর্মদিবসে উল্লিখিত স্থানে ও সময়ে আবেদনপত্র গ্রহণ করা হবে। এ বিষয়ে আলাদা বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।
১০.	আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত ওকালতির সত্যায়িত সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, পেশাগত/অভিজ্ঞতার সনদ, আয়কর সনদ, সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।
১১.	আইন উপদেষ্টা এবং প্যানেলভুক্ত আইনজীবীগণের মেয়াদকাল নিয়োগ/তালিকাভুক্তির পর হতে ০২(দুই) বছর বলবৎ থাকবে।
১২.	আইন উপদেষ্টা এবং প্যানেলভুক্ত আইনজীবীগণের উক্ত পদ হতে অব্যাহতি/পদত্যাগের ক্ষেত্রে যে কোন পক্ষের ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক উহা কার্যকর হবে।
১৩.	দরখাস্ত এবং খামের উপর “আইন উপদেষ্টা অথবা প্যানেল আইনজীবী অথবা আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী” কথাটি উল্লেখ করতে হবে।
১৪.	বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে। আইন উপদেষ্টা নিয়োগ এবং প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৫.	এই বিজ্ঞপ্তিটি কোম্পানির Website: <a href="http://www.bgfcl.org.bd">www.bgfcl.org.bd</a> এ পাওয়া যাবে।

  
তারিখঃ ০৫/০৪/২৩  
(মোঃ হাবীবুর রহমান)  
কোম্পানি সচিব